

রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৬)/২০২১-৩৭৪(১০০০)

তারিখঃ ০৭ এপ্রিল ২০২১ খ্রিঃ

পরীক্ষার নম্বর সফটওয়্যারে এন্ট্রি ও প্রেরণ প্রসঙ্গে

কোভিড-১৯ (করোনা ভাইরাস) সংক্রমন বৃদ্ধি পাওয়ায় নিষেধাজ্ঞার কারণে স্বাস্থ্যবিধি মেনে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে মার্চ-২০২১ খ্রিঃ অনুষ্ঠিত ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের ১ম ও ২য় বর্ষ এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের ১ম বর্ষের চূড়ান্ত পরীক্ষার পরীক্ষক নম্বরপত্র (এক্সেমিনার মার্কসীট) সংরক্ষণ, প্রেরণ ও বিএনএমসি সফটওয়্যারে এন্ট্রি সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

পরীক্ষার ফলাফল সংক্রান্ত কাজ Confidential বিধায় অধ্যক্ষগণ নিজ তত্ত্বাবধায়নে নার্সিং শিক্ষকের সহায়তায় সম্পাদন করতে হবে।

নির্দেশনাঃ

- অত্যন্ত সতর্কতার সাথে যথাযথ কৌশল অবলম্বন করে গাইডলাইন অনুসরণে সফটওয়্যারে এন্ট্রি করতে হবে;
- প্রতিটি খামের উপরে/বামে গোপনীয়, ইনস্টিটিউট/কেন্দ্র, বিষয়, গ্রুপের পূর্ণাঙ্গ বিবরণী ও পরীক্ষকের নাম-মোবাইল নম্বর লিখিতে হবে;
- নির্দিষ্ট তারিখের মধ্যে কেবলমাত্র দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক কাজ করতে হবেঃ

ক্রম	বিষয়	করণীয়	সময়সীমা	দায়িত্ব অর্পন
১	ইন্টারনাল এবং ফরমেটিভ নম্বর	সফটওয়্যারে এন্ট্রি এবং স্বাক্ষরিত হার্ড কপি প্রেরণ	১৫-২০ এপ্রিল ২০২১	স্ব-স্ব ইনস্টিটিউটের অধ্যক্ষ
২	মৌখিক ও ব্যবহারিক নম্বর	স্ব-স্ব পরীক্ষক কর্তৃক হার্ড কপি গ্রুপ ওয়াইজ এক সেট পৃথক পৃথক খামে গোপনীয়তার সাথে কাউন্সিলে প্রেরণ	৭-১৫ এপ্রিল ২০২১	সবগুলোর এক সেট সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের অধ্যক্ষ পরবর্তী কাজের জন্য গোপনীয়তার সাথে সংরক্ষণ করবেন
৩	লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের নম্বর	পৃথক পৃথক গ্রুপের নম্বর স্ব-স্ব পরীক্ষক কর্তৃক দুই সেট করে খাম বন্ধ ও সীলগালা/টেপ অবস্থায় স্বাক্ষর পূর্বক প্রেরণ	৭-২০ এপ্রিল ২০২১	নম্বরপত্র ও উত্তরপত্র/খাতা পৃথক প্যাকেটে পরীক্ষা কেন্দ্রসমূহ একত্রে অথবা ইনস্টিটিউট/পরীক্ষক পাঠাতে পারেন

- স্ব-স্ব নার্সিং কলেজ/ইনস্টিটিউটের অধ্যক্ষ বা ইনচার্জ কর্তৃক গোপন User ID ও Password ব্যবহার করে কাউন্সিলের সফটওয়্যারে কার্যসম্পাদন করতে হবে।
- সফটওয়্যারে প্রবেশ করে Examination Result অংশে ইন্টারনাল বিষয়ে সম্পূর্ণ নম্বর এবং প্রতিটি বিষয়ে ফরমেটিভ/ইন্টারনাল নম্বর এন্ট্রি করা যাবে।
- এন্ট্রি শেষে প্রিন্ট করে নম্বরপত্রের সাথে এন্ট্রিকৃত নম্বর অবশ্যই মিলিয়ে নিতে হবে।
- সফটওয়্যার হতে প্রিন্ট কপি অধ্যক্ষ ও ক্লাস টিচারের যৌথ স্বাক্ষর সীল মোহর (পূর্ণ নাম, পদবী ও মোবাইল নং) গোপনীয়ভাবে কাউন্সিলে প্রেরণ করতে হবে।
- চূড়ান্তভাবে এন্ট্রিকৃত নম্বরপত্র অবশ্যই গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে।
- বিএনএমসি ওয়েবসাইটের ডাটাবেস কলামে বিএনএমসি ডাটাবেস গাইডলাইন পাওয়া যাবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯, ৫৭১৬৪৩২৬

ই-মেইল: info@bnmc.gov.bd

বিতরণঃ

- পরীক্ষাকেন্দ্র (সকল)
- অধ্যক্ষ, নার্সিং কলেজ/ ইনস্টিটিউট (সকল),
- পরীক্ষক (সকল),
- সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
- জনাব/ বেগম